# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
(ভোকেশনাল শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২১০।

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩০৩.৩১.৩৫০.২১-১৭ তারিখঃ ১৩ জুলাই, ২০২৬ খ্রিঃ

## বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের জেএস (ভোকেশনাল) ও জেডি (ভোকেশনাল) বৃত্তি পরীক্ষা-২০২৬ এর Online এ ফরম পূরণ এবং প্রয়োজনীয় ফি ইত্যাদি বোর্ডে জমা দেয়ার তারিখ ও নিয়মাবলি নিম্নে উল্লেখ করা হলো।

| ক্রঃ | বিবরণ | সময় |
|---|---|---|
| ১. | Form Fill up করা যাবে | ৩০/০৮/২০২৬ খ্রিঃ হতে ১০/০৯/২০২৬ খ্রিঃ |
| ২. | সোনালী সেবার মাধ্যমে Form Fill up ফি জমা | ১৪/০৯/২০২৬ খ্রিঃ হতে ১৭/০৯/২০২৬ খ্রিঃ |

**বিঃ দ্রঃ**

- জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপস্তুক বোর্ড (এনসিটিবি) কর্তৃক প্রনীত অষ্টম শ্রেণির পাঠ্যপুস্তকের ভিত্তিতে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কৃর্তৃক অনুসৃত প্রশ্ন কাঠামো ও সিলেবাস অনুসারে জেএস (ভোকেশনাল) ও জেডি (ভোকেশনাল) বৃত্তি পরীক্ষা-২০২৬ অনুষ্ঠিত হবে;
- পরীক্ষার ফি পরীক্ষার্থী প্রতি মোট ৬০০/- (ছয়শত) টাকা
  [বোর্ড ফি ৪০০/- (চারশত) টাকা + কেন্দ্র ফি ২০০/- (দুইশত) টাকা];
- শুধুমাত্র নিয়মিত এবং রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীরা বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে;
- চূড়ান্ত পরীক্ষার্থীর তালিকা **(নীতিমালা অনুযায়ী ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীর সর্বোচ্চ ৪০%)** নিশ্চিত করে সোনালী সেবার মাধ্যমে ফি জমা দিতে হবে;
- সোনালী সেবার মাধ্যমে ফি জমা দেয়ার ক্ষেত্রে **Payment Slip** প্রিন্ট করার তারিখ এবং ব্যাংকে ফি জমা দেয়ার তারিখ একই হতে হবে।

**অনুসরণীয় বিশেষ নির্দেশাবলী:**

**(ক)** প্রতিবন্ধী পরীক্ষার্থীদের ক্ষেত্রে আবেদনের পরিপ্রেক্ষিতে Admit Card পাওয়ার পর প্রতি ঘন্টায় ১০ মিনিট হারে অতিরিক্ত সময় বৃদ্ধি করে পরীক্ষায় অংশগ্রহণের অনুমতিপত্র এবং প্রযোজ্য ক্ষেত্রে শ্রুতি লেখকের অনুমতিপত্র বোর্ডের ভোকেশনাল শাখা হতে গ্রহণ করতে হবে;

**(খ)** প্রতিদিনের পরীক্ষা শেষে মূল উত্তরপত্র এবং Top Litho অংশ ছিড়ে করোগেটেড বক্সে প্যাকেট করে একটি কাপড়ের মোড়কে বোর্ডে পাঠাতে হবে। একই মোড়কের মধ্যে মূল উত্তরপত্র ১০০ টি করে করোগেটেড সীট দ্বারা বান্ডেল করা থাকবে। Top Litho অংশ একটি কেন্দ্রে এক দিনে যত হবে সব একই সাথে বান্ডেল (শিরোনামপত্র সহ) হবে। মূল উত্তরপত্রের বান্ডেল এবং Top Litho অংশের বান্ডেল একই সাথে সাদা কাপড়ের মোড়কে পেঁচিয়ে সিলগালা করে , মোড়কের উপরে কেন্দ্র কোড ও তারিখসহ প্রেরকের ঠিকানা স্পষ্ট ভাবে লিখে পরীক্ষা নিয়ন্ত্রক, দৃঃ আঃ উপ পরীক্ষা নিয়ন্ত্রক (ভোকেশনাল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, উপ-ডাকঘর আগারগাঁও, ঢাকা ১২১০ বরাবর পাঠাতে হবে;

**(গ)** কেন্দ্রকে প্রতিদিনের অনুপস্থিত ও বহিষ্কারকৃত শিক্ষার্থীর তথ্য পরীক্ষার দিন অন-লাইনে এন্ট্রি করতে হবে। ইমেইল এবং ফোনে কোন তথ্য বোর্ডে পাঠাতে হবেনা;

**(ঘ)** রোলের ক্রমানুসারে সাজিয়ে হাজিরা সীট, শিরোনামপত্র ও অনুপস্থিত তালিকার হার্ড কপি পরীক্ষা শেষ হবার ০৩ দিনের মধ্যে জরুরী বিবেচনায় বোর্ডের ভোকেশনাল শাখায় সরাসরি জমা দিতে হবে;

**(ঙ)** বোর্ড নির্ধারিত সময়ের পরে Form Fill up এর আবেদন গ্রহণ করা হবেনা;

**(চ)** জেএস (ভোকেশনাল) ও জেডি (ভোকেশনাল) বৃত্তি পরীক্ষা-২০২৬ এর ফরমপূরণ স্থগিত এবং সময় হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১৮/০৭/২৬

**(প্রকৌশলী মোঃ আবুল কালাম আজাদ)**
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা, বোর্ড, ঢাকা
ফোন: ০২-৫৫০০৬৫২৫

**স্মারক নং ৫৭.১৭.০০০০.৩০৩.৩১.৩৫০.২১-১৭ (১৪)** **তারিখ: ১৩ জুলাই, ২০২৬ খ্রিঃ**

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
২) মহা-পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা।
৩) মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ১৬ আবদুল গনি সড়ক, ঢাকা।
৪) মহা-পরিচালক, বস্ত্র অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।
৫) পরিচালক (ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা।
৬) বিভাগীয় প্রধান (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭) জেলা প্রশাসক (সকল জেলা) ।
৮) আঞ্চলিক পরিচালক (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর, বরিশাল, ময়মনসিংহ ও সিলেট অঞ্চল), কারিগরি শিক্ষা অধিদপ্তর।
৯) অতিরিক্ত জেলা প্রশাসক (আইসিটি ও শিক্ষা), সকল জেলা।
১০) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (বোর্ডের ওয়েবসাইটে দেওয়ার অনুরোধসহ) ।
১১) অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট/প্রধান শিক্ষক,..............................................।
১২) ম্যানেজার সোনালী ব্যাংক (সকল শাখা)।
১৩) চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।
১৪) সংশ্লিষ্ট নথি।

13.7.26

**(প্রকৌশলী জাকারিয়া আব্বাসী)**
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ভোকেশনাল)
ফোন: ০২-৫৫০০৬৫২৭ (অফিস)